

এম বি এ হেলথ কেয়ার - ম্যানেজমেন্ট কোর্স ইকফাইয়ে

আধুনিক স্বাস্থ্য পরিষেবায় প্রয়োজনীয় পেশাদার ও প্রশিক্ষিত মানব সম্পদ সরবরাহের লক্ষ্যে নতুন একটি কোর্স চালু করেছে ত্রিপুরার ইকফাই বিশ্ববিদ্যালয়। এমবিএ (হেলথ কেয়ার ম্যানেজমেন্ট) নামক কোর্সে এমন বিশেষ কিছু বিষয় রয়েছে যেগুলি সহজেই উচ্চশিক্ষা প্রত্যাশীদের আকর্ষণ করবে।

মূল বিষয়গুলোর পাশাপাশি পড়ুয়াদের স্বাস্থ্য পরিষেবা ব্যবস্থাপনা সম্পর্কে বিশেষ পাঠ দেওয়া হবে। স্বাস্থ্য পরিষেবা ব্যবস্থাপনা সংক্রান্ত পাঠ দিতে সংশ্লিষ্ট ক্ষেত্রের বিশেষজ্ঞরা বিশ্ববিদ্যালয়ে আসবেন। প্রখ্যাত হাসপাতালের অভিজ্ঞ চিকিৎসকরা অতিথি শিক্ষক হিসাবে জরাজীর্ণদের পড়াবেন। বিশ্ববিদ্যালয়ের তরফে পড়ুয়াদের ইন্টারশিপের জন্য বহিরাঙ্গের বিখ্যাত হাসপাতালগুলোতে পাঠানো হবে।

পড়ুয়ারা যাতে কোর্স শেষে আকর্ষণীয় প্যাকেজে চাকরি পায় তা নিশ্চিত করতে সম্ভাব্য সমস্ত উদ্যোগ নেবে বিশ্ববিদ্যালয়ের প্রেসমেন্ট অ্যান্ড স্ট্যান্ডার্ডস সেল। এম বি এ (হেলথ কেয়ার ম্যানেজমেন্ট) চার সেমিস্টার মিলিয়ে দুই বছরের একটি কোর্স। এই কোর্সে ভর্তি হওয়ার জন্য পঁয়তাল্লিশ শতাংশ নম্বরসহ যেকোন বিষয়ে স্নাতক হওয়া আবশ্যিক। তপশিলি উপজাতি, তপশিলি জাতি এবং অন্যান্য পশ্চাৎপদ শ্রেণির জন্য পঁচ শতাংশ ছাড় দেওয়া হবে। প্রত্যাশী পড়ুয়াদের বিশেষ ফি ছাড় ও মেহাবৃত্তি দেওয়া হয়।

পরিসংখ্যান অনুযায়ী ভারতবর্ষের মতো ১২৫ কোটি লোকসংখ্যার দেশে ৬৭ শতাংশ মানুষ এখনও সরকারী স্বাস্থ্য পরিষেবার উপর অধিক নির্ভরশীল। আর সরকারী স্বাস্থ্য পরিকাঠামোয় আজও আমাদের দেশে স্বাস্থ্য বিষয়ক ম্যানেজমেন্ট প্রশিক্ষিত লোকের সংখ্যা যথেষ্ট নগণ্য। এহেন অশঙ্ক্যর মধ্যেই কিছুটা হলেও আশার আলো দেখা যাচ্ছে। ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবেলায় এবং স্বাস্থ্য পরিষেবা প্রদানে প্রশিক্ষিত পেশাদার মানবসম্পদ তৈরিতে সচেষ্ট হয়েছে সরকারী ও বেসরকারী মহল।

স্বাস্থ্য পরিষেবার যথাযথ মানোন্নয়ন এবং সুফল সরাসরি রোগী ও তাদের পরিজনদের কাছে পৌঁছে দিতে সরকারী, বেসরকারী দুটো স্তরেই প্রচুর অর্থ বিনিয়োগ করা হচ্ছে। ২০০৫ সাল থেকে জাতীয় গ্রামীণ স্বাস্থ্য মিশন, যা বর্তমানে জাতীয় স্বাস্থ্য মিশন নামে অধিক পরিচিত, দেশব্যাপী সঠিক স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেবার গুরুদায়িত্ব হাতে নেয়। এর ফলে গ্রামীণ এলাকার নিম্নমধ্যবিত্ত ও নিম্নবিত্ত শ্রেণির কাছেও এখন উন্নত স্বাস্থ্য পরিষেবা পৌঁছে যাচ্ছে।

মাস্টার অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বা এম বি এ এমন একটি কোর্স যেখানে প্রতিটি পড়ুয়াকে অভিজ্ঞতার মাধ্যমে পেশাদারিত্ব অর্জনের বিভিন্ন কৌশল শেখানো হয়। এর ফলে পড়ুয়ারা স্ব স্ব ক্ষেত্রে একজন অধিনায়ক হিসাবে চিহ্নিত হয়।

এম বি এ কোর্সের বিভিন্ন স্পেশালাইজেশন বা প্রকারভেদ আছে। ইদনিংকালে স্বাস্থ্য পরিষেবায় এম বি এ ডিগ্রিধারীদের প্রচুর চাহিদা থাকায় অনেক উচ্চশিক্ষা প্রত্যাশী এম বি এ (হেলথ কেয়ার ম্যানেজমেন্ট) কোর্সে ভর্তি হচ্ছে এবং কোর্সশেষে হাসপাতাল বা সংযুক্ত অন্যান্য ক্ষেত্রে চাকরি পেয়ে যাচ্ছে।

হাসপাতালের বাইরেও সংশ্লিষ্ট ডিগ্রিধারীদের জন্য চাকরির প্রচুর সম্ভাবনা রয়েছে। বিভিন্ন পরামর্শদাতা সংস্থা, বিমা ক্ষেত্র, ওষুধ উৎপাদক কোম্পানি, বিপণন, তথ্যপঞ্জি বিশ্লেষণ এবং জৈবপ্রযুক্তি ক্ষেত্রে এম বি এ (হেলথ কেয়ার ম্যানেজমেন্ট) ডিগ্রিধারীদের কর্ম সংস্থানের ব্যাপক সম্ভাবনা রয়েছে। চাকরি করতে না চাইলে এদের জন্য শিল্পদ্যোগী হওয়ার রাস্তাও খোলা আছে।